

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৫.৯৯.০০৫২.২৬.৬৭

তারিখ: ১ চৈত্র ১৪৩২
16-03-2026

বিষয়: ষ্টার ডাইং নামক কারখানার অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের ১৬/০৩/২০২৬ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ষ্টার ডাইং, অফিস ও কারখানাঃ ১ নং আহমেদ বাওয়ানী, টেক্সটাইল মিল সড়ক, ডেমরা, ঢাকা নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। উক্ত প্রতিষ্ঠানের প্রস্তাবিত নিবন্ধন সংখ্যা: পরি:/ডাইং-০০০০০৮০৮-২০২৬, তারিখ: ১৫/০৩/২০২৬ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: ডাইং এন্ড ফিনিশিং। কারখানা কর্তৃপক্ষ কীচামাল আমদানির লক্ষ্যে কারখানাটির অনুকূলে ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্রের জন্য অত্র অধিদপ্তরে আবেদনপত্র দাখিল করেন। তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কীচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ১৬,০০,০০,০০০/- (ষোল কোটি) টাকা নির্ধারণ করে ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ১০০% রপ্তানিমুখী বস্ত্রশিল্প হিসেবে কারখানাটির কীচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০১১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন স্বাপেক্ষে ষ্টার ডাইং নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ১৬,০০,০০,০০০/- (ষোল কোটি) টাকা নির্ধারণ করে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কীচামালসমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য) শর্ত প্রতিপালন স্বাপেক্ষে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

মোহাম্মদ আলম রেজা
উপ পরিচালক (উন্নয়ন)
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬তম তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৫.৯৯.০০৫২.২৬.৬৭/১(৫)

তারিখ: ১ চৈত্র ১৪৩২
১৬ মার্চ ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫তম তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

(২) এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

(৩) কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

(৪) সহকারী পরিচালক, ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

(৫) স্বত্বাধিকারী, ষ্টার ডাইং, অফিস ও কারখানাঃ ১ নং আহমেদ বাওয়ানী, টেক্সটাইল মিল সড়ক, ডেমরা, ঢাকা।

মোহাম্মদ আলম রেজা, উপ
পরিচালক (উন্নয়ন)

